

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫. ২৩৭


তারিখ : ১৭ ফাল্গুন ১৪২২
২৯ ফেব্রুয়ারী ২০১৬

বিষয় : লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলার ০৫নং সিন্দূর্না ইউপি'র সাধারণ নির্বাচন, মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত রাখা প্রসঙ্গে।

সূত্র : জনাব মো: খতিব উদ্দিন, পিতা-মৃত মশর উদ্দিন, গ্রাম: উত্তর সিন্দূর্না, ডাক: সিন্দূর্না, হাতিবান্ধা, লালমনিরহাট এর আবেদন, তারিখ : ২৩.০২.২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলার ০৫নং সিন্দূর্না ইউপি'র সীমানা, ভৌগোলিক অখণ্ডতা ও জনসংখ্যা নির্ধারণ এর জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৮০২/২০১৬ দায়ের করা হয়েছে। আবেদনকারী জনাব জনাব মো: খতিব উদ্দিন মহামান্য আদালতে এলাকার সীমানা নির্ধারণ সংক্রান্ত মামলা বিচারাধীন থাকায় ৫নং সিন্দূর্না ইউপি'র সাধারণ নির্বাচন, মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত রাখার জন্য অনুরোধ জানিয়েছেন। এমতাবস্থায় জনাব মো: খতিব উদ্দিন, পিতা-মৃত মশর উদ্দিন, গ্রাম: উত্তর সিন্দূর্না, ডাক: সিন্দূর্না, হাতিবান্ধা, লালমনিরহাট এর আবেদনসহ সংযুক্ত রীট পিটিশনের সার্টিফাইড কপিসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : -----পাতা।


(শ্রীয়া আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি :

১. জেলা প্রশাসক, লালমনিরহাট।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনাব মো: খতিব উদ্দিন, পিতা-মৃত মশর উদ্দিন, গ্রাম: উত্তর সিন্দূর্না, ডাক: সিন্দূর্না, হাতিবান্ধা, লালমনিরহাট।